

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.১৪.০০১.১৮.২১

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

বিষয়: চট্টগ্রাম জেলার সন্দীপ উপজেলাধীন বশিরিয়া আহমদিয়া আলহাজ্জ আবু বকর সিদ্দিক ফাজিল মাদ্রাসা অডিটের সময় আর্থিক দুর্নীতি তদন্তের আবেদন।

সূত্র: ৩৭.১৯.০০০০.০০১.৫২.০০১.২০.১১৯ ১২ জুলাই ২০২০

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৩ মার্চ শিক্ষা মন্ত্রণালয়ের অধীন পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের সহকারী শিক্ষা পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন চট্টগ্রাম জেলার সন্দীপ উপজেলাধীন বশিরিয়া আহমদিয়া আলহাজ্জ আবু বকর সিদ্দিক ফাজিল মাদ্রাসাটি অডিট করার জন্য যান এবং মাত্র একঘণ্টায় অবস্থান করেন। পরবর্তীতে কলেজের অধ্যক্ষ জনাব মাওলানা মুহাম্মদ ইলিয়াস শনিবার শিক্ষকদের নিয়ে বৈঠক করে জানান যে, অডিটের ফলাফল পঞ্জিটিভ করতে আমাদের শিক্ষক কর্মচারীদের একমাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ঘুষ হিসেবে দিতে হবে। অভিযোগটির সত্যতা যাচাই এর জন্য সরেজমিনে তদন্ত হওয়া আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সন্দীপ, চট্টগ্রাম এর নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন আগামী ১৪ কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

১৬-৭-২০২০

মোহাঃ লিয়াকত আলী  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

উপজেলা নির্বাহী অফিসার,  
সন্দীপ, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.১৪.০০১.১৮.২১/১(৬)

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, চট্টগ্রাম
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সন্দীপ, জেলা-চট্টগ্রাম
- ৬) অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

১৬-৭-২০২০

মোহাঃ লিয়াকত আলী  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)